# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/Standing-1/২০২০/

তারিখঃ 26/11/2020

নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির সম্মানীত সদস্যগনকে জানানো যাইতেছে যে, আগামী ৩০/১১/২০২০ইং তারিখ রোজ সোমবার সকাল ১০:০০ ঘটিকার সময় পৌরসভা সম্মেলন কক্ষে কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হইবে ।

উক্ত সভায় সম্মানীত সদস্যবৃন্দকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য সূচী ঃ

১) বিগত সভার কাযবিবরনী পাঠ ও অনুমোদ।
২) কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি প্রসঙ্গে আলোচনা।
৩) সময়মত পৌরকর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ প্রসঙ্গে আলোচনা।
৪) বিবিধ।

30/11/2020

(আশরাফ উজ্জামান)
কাউন্সিলর, ওয়ার্ড নং-৫
ও
সভাপতি
কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপকঃ

জনাব-------------------------------

-------------------------------

সদস্য/ সদস্য-সচিব

কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি

কোটালীপাড়া পৌরসভা

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশ্লিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

ফোন নং- ০২৬৬৫১২৬৭ (অফিস), ০২৬৬৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৫১২৬৭

E-mail: mayor_kotali.poura@yahoo.com


## কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি
## সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ৩০/১১/২০২০ সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | নাম | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব আশরাফ উজ্জামান | সভাপতি | 30/11/2020 |
| ০২ | জনাব মো: কামাল হোসেন শেখ | সদস্য | |
| ০৩ | জনাব সালেহা বেগম | সদস্য | |
| ০৪ | জনাব রুবিয়া বেগম | সদস্য | |
| ০৫ | জনাব জাহিদুল ইসলাম | সদস্য | |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী

সভাপতি ঃ জনাব মোঃ আশরাফ উজ্জামান, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।
স্থান ঃ কোটালীপাড়া পৌরসভা কার্যালয়, গোপালগঞ্জ।
তারিখ ঃ ৩০/১১/২০২০ ইং।
রোজ ঃ সোমবার।
সময় ঃ সকাল ১০.০০ ঘটিকা।

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নাম স্বাক্ষর ক্রমানুসারে

| ক্র: নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ কামাল হোসেন শেখ | মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০২ | জনাব সালেহা বেগম | কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড - ২, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৩ | জনাব রুবিয়া বেগম | কাউন্সিলর ,সংরক্ষিত ওয়ার্ড - ১, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |
| ০৪ | জনাব জাহিদুল ইসলাম | কাউন্সিলর, ২নং ওয়ার্ড ,কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। |

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আশরাফ উজ্জামান, কাউন্সিলার ০৫নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকল সদস্য, কর্মকর্তা কর্মচারী বৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন।

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্য বিবরনী পঠন ও অনুমোদন | বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । কার্যবিবরনী সকলের মধ্যে বিতরণ করা হয় । | |
| ০২ | কর নিরূপণ ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি প্রসঙ্গে আলোচনা। | জনাব মোঃ আশরাফ উজ্জামান, কাউন্সিলর ০৫ নং ওয়ার্ড, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ সভায় বলেন- কর নিরূপন ও আদায় বিষয়ক কমিটি একটি গুরুত্বপূর্ণ স্থায়ী কমিটি, এই কমিটির মাধ্যমে পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধি করা সম্ভব। বকেয়া পৌর কর কিভাবে আদায় করা যায় পাশাপাশি নতুন নতুন হোল্ডিং বৃদ্ধি কিভাবে করা যায় তার বাস্তব সম্মত আলোচনা, দিকনির্দেশনা এবং বাস্তবায়ন করা সম্ভব। এ সম্পর্কে আমাদের সুস্পষ্ট ধারণা থাকতে হবে যার ফলে এই কমিটির মাধ্যমে আমরা পৌর নাগরিক বৃন্দকে কাঙ্খিত সেবা দিতে সক্ষমতা অর্জন করতে পারি। | নগর পরিচালন , নাগরিক সেবা ও উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। |
| ০৩ | সময়মত পৌরকর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধকরণ প্রসঙ্গে আলোচনা। | কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি এবং ৫ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব জনাব মোঃ আশরাফ উজ্জামান বলেন- UGIIP-III প্রকল্পের শর্তানুযায়ী পৌর কর ৮০% এর উর্দ্ধে আদায় থাকতে হবে। নতুবা প্রকল্পের অর্থায়ন বন্ধ হয়ে যাবে। কোটালীপাড়া পৌর এলাকার উন্নয়ন চাইলে সময়মতো পৌরকর দিতে হবে। যে সকল গ্রাহক বা পৌর নাগরিকগণের পৌরকর বকেয়া আছে তাদেরকে পৌরকর পরিশোধে উদ্বুদ্ধ করতে হবে। পৌর কর পরিশোধের সকলকে একহয়ে কাজ করতে হবে। | সময়মত পৌরকর পরিশোধে জনসাধারণকে উদ্বুদ্ধকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষনা করেন। | |

৩০/১১/২০২০

(মোঃ আশরাফ উজ্জামান)
সভাপতি
কর নিরূপন ও আদায় বিষয়ক কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

২। জনাব..........................................কর নিরূপন ও আদায়  বিষয়ক কমিটি।

৩। ..........................................................................................................

৪। নোটিশ বোর্ড/অফিস নথি, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

০৩/১১/2020

(মোঃ আশরাফ উজ্জামান)
সভাপতি
কর নিরূপন ও আদায়  বিষয়ক কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।